ঝিনাইদহ মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রীদের কারাতে প্রশিক্ষণের উদ্বোধন

ঝিনাইদহে সদর উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় মাধ্যমিক পর্যায়ে পড়ুয়া ছাত্রীদের মাস ব্যাপি কারাতে প্রশিক্ষণ শুরু হয়েছে। সোমবার সকালে সদর উপজেলা পরিষদ এলাকায় কারাতে প্রশিক্ষণ উদ্বোধন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) শারমিন আক্তার সুমির সভাপতিত্বে প্রধান অতিথি জেলা প্রশাসক মনিরা বেগম কারাতে প্রশিক্ষণ উদ্বোধন করেন ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যন এড: আব্দুর রশিদ, সদ্য বিদায়ী উপজেলা নির্বাহী অফিসার এস এম শাহীন, উপজেলা ভাইস চেয়ারম্যন রাশেদুর রহমান রাসেল ও সেফ সুইমিং একাডেমির পরিচালক মাহাফুজুর রহমান বিপ্লব।

মাস ব্যাপি কারাতে প্রশিক্ষণ প্ররিচালনা করবেন সোতোকান কারাতে দো ঝিনাইদহের পরিচালক কাজী আলী আহাম্মেন লিকু। পৌর এলাকার চার টি মাধ্যমিক বিদ্যালয়ের ২০ জন ছাত্রী এই কারাতে প্রশিক্ষণে অংশ গ্রহন করবে।

মেহেরপুরে দি লেপ্রসি ইন্টারন্যাশনাল-বাংলাদেশের সম্মাননা প্রদান

সালোমচার্চ অব বাংলাদেশের আয়োজনে এবং দি লেপ্রসী ইন্টারন্যাশনাল-বাংলাদেশের সহযোগীতায় সোমবার সম্মানিত ব্যক্তিবর্গকে ক্রেস্ট উপহার দিয়ে সম্মাননা প্রদান করা হয়।

অনুষ্ঠানটি আয়োজন করা হয় মেহেরপুর সিভিল সার্জনের সভা কক্ষে।

সিভিল সার্জন ডাঃ জওয়াহারুল আনাম সিদ্দিকের সভাপতিত্বে,বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের কার্যালয়ের উপপরিচালক (প্রোগ্রাম ম্যানেজার) শফিকুল ইসলাম।

ডাঃ ইনজাজামুল হকের পরিচালনায় স্বাগত বক্তব্য প্রদান করেন প্রকল্প কর্মকর্তা সুজিত মল্লিক। কুষ্ঠকার্যক্রমে সহায়তা প্রদানের জন্য দশজন সম্মানিত ব্যক্তিকে দিলেপ্রসি ইন্টারন্যাশনাল-বাংলাদেশ সম্মাননা প্রদান করে।

নির্বাচিত সম্মানিতরা হলেন ইমাম শাহ জাহান কবির,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক সাংবাদিক রফিকুল আলম, রাজনীতিবিদ অ্যাডভোকেট রুতশোভা মন্ডল, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স্রে টিএলসিএ সুরুজজামান, গাংনী ভবানীপুর কমিউনিটি ক্লিনিকের সিএইচসিপি আমিরুল ইসলাম, কাজিপুর কমিউনিটি ক্লিনিকের সিএইচসিপি কামাল হোসেন, গুনী দলের সদস্য পিল্লাত পাল, যুব দলের সদস্য সজীব মল্লিক এবং পিরোজপুর সুগন্ধা আত্মসহায়ক দলের সভাপতি হাসেদা খাতুন।

গাংনীতে ট্রলি উল্টে গরু ব্যবসায়ী নিহত,আহত তিন

মেহেরপুরের গাংনীতে গরু বোঝায় ট্রলি উল্টে মুতাহার আলী (৬০) নামের এক ব্যক্তি নিহত হয়েছেন। এসময় আহত হয়েছেন আরও তিনজন ।

সোমবার বিকেলে কামারখালি সিন্দুরকোটা বাজারে এ দুর্ঘটনা ঘটে। নিহত মুতাহার আলী ঝিনাইদাহ জেলার হরিনাকুণ্ডু বাজার পাড়ার শাহাদত আলীর ছেলে। তিনি নিজেও গরু ব্যবসায়ী।

আহতরা হলেন- হরিনাকুন্ডর আব্দুর রহিমের ছেলে সোহরাব হোসেন(৫০), মেহেরপুরের নিত্যানন্দনপর গ্রামের তোফাজ্জেল হোসেনের ছেলে মনোয়ার হোসেন, আফছার আলীর ছেলে আতিয়ার রহমান(৫৫)।

আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেছে স্থানীয় বামুন্দি ফায়ার সাভির্সের একটি টীম।

বামুন্দি ফায়ার সার্ভিসের টিম লিডার ইছাহাক আলি জানান, খবর পেয়ে কামার খালী বাজার থেকে তিনজনকে আহত অবস্থায় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। নিহত মুতাহার আলীর মরদেহ উদ্ধার করা হয়েছে।

তিনি আরও জানান, গাংনীর বামুন্দি বাজার থেকে গরু কিনে ট্রলি যোগে বাড়ি ফিরছিলেন চারজন। এসময় দ্রতগতির ট্রলিটি কামারখালি ও সিন্দুরকোটা বাজারে পৌছালে একটি নসিমন গাড়িকে সাইড দিতে গেলে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায় ট্রলি। এসময় তিনজনকে আহত ও একজনকে মৃত অবস্থায় উদ্ধার করা হয়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। পরবর্তীতে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে অসহায় বৃদ্ধার ঘর মেরামত করে দিচ্ছে ‘কিশোরের ডাক

মেহেরপুরের যুব সমাজ আর্থ সামাজিক উন্নয়নে ব্যাপক ভুমিকা রেখে চলেছে। তারা নির্যাতিত নিপিড়িত অসহায় মানুষের পাশেও দাঁড়িয়ে সমাজ গঠনে অনন্য অবদান রাখছে। এরই ধারাবাহিকতায় যুব সমাজ বয়োভারে বৃদ্ধ আব্দুল গনির পরিত্যক্ত বসত ঘরটি মেরামত করে দিয়ে প্রশংসা কুড়িয়েছেন। ঘটনাটি মেহেরপুরের গাংনী উপজেলার নওপাড়া নবীনপুর গ্রামের। মেরামত নয়,অসহায় বৃদ্ধ আব্দুল গনিকে একটি সরকারি পাকা ঘর দেবার দাবীও জানান তারা।

জানাগেছে, নওয়াপাড়া নবীনপুর গ্রামের আব্দুল গনি। বয়স ৯৫ বছর। পেশায় তিনি একজন দিনমজুর। দুই ছেলে তিন মেয়ের জনক। ছেলে ও মেয়েরা নিজের নিজের সংসার নিয়ে ব্যস্ত। বয়স বৃদ্ধির কারণে তাকে কেউ দিন

মজুরের কাজে না নেয়ায় জিবন জীবীকার তাগিদে বেছে নিয়েছিলেন ঘটকালি পেশা। বিয়ের ব্যবস্থা করলে সেখান থেকে যা পাওয়া যেতো তাই দিয়ে চলতো সংসারের সব খরচ। এখন নিজেই নিজের কাছে ভারী হওয়ায় ঘটকালী পেশাটাও তার নেই। এদিকে নিজে ও স্ত্রী খাদিজা বেগম শ্বাস কষ্টের রোগী। কোন রকমে চেয়ে চিন্তে দ’মঠো ভাত জুটলেও জুটেনা রোগ থেকে নিরাময়ের ওষুধ। উপরন্ত বসত ঘরটি জরাজীর্ণ। পয়সার অভাবে সেটিও ঠিক করতে পারেন না আব্দুল গনি। ঝড় বৃষ্টি কিংবা প্রতিকুল আবহাওয়ায় এক রকম সংগ্রাম করেই টিকে থাকতে হয় তাদের। ঘরের ছাউনির টিন গুলি ফুটো হয়ে গেছে। চারিদিকের বেড়াও ভেঙ্গে পড়েছে। ঘরের চারদিক তাল পাতার ঠেকনা দেয়া। প্রচন্ড শীত আর কুয়াশায় ঘরে থাকা দায়। শীত আসলেই বাড়ে স্বাসকষ্ট। আব্দুল গনির এই করুণ অবস্থা দেখে সহযোগিতার হাত বাড়িয়ে দেন একটি স্বেচ্ছা সেবী সংগঠন। ‘কিশোরের ডাক’ নামের ওই সংগঠনটি ঘরের টিন আর বাঁশ দিয়ে মেরামত করার উদ্যোগ নেয়। সোমবার সকাল থেকে সংগঠনের সদস্যরা কাজে নেমে পড়েন। নিজ উদ্যোগে ঘরটি নতুন করে মেরামত করার কাজ শুরু করেন।

আব্দুল গনি (ওরফে গনি ঘটক) জানান, জিবনের অনেক মানুষের উপকার করেছেন। সম্পন্ন করেছেন দুই শতাধিক বিয়ে। গ্রামে গ্রামে ঘুরতে না পেরে সে পেশা ছেড়েছেন বছর পাঁচেক আগে । অর্থের অভাবে বসত ঘরটি মেরামত করতে পারেন নি তিনি। আব্দুল গনির স্ত্রী খদেজা বেগম জানান, স্বামী আব্দুল গনি পরপর দ’◌ুবার স্ট্রোক হয়ে প্যারালাইজড হয়ে পড়েছেন। তাকে মুখে তুলে খাওয়াতে হয়। ছেলে মেয়েদেরও অভাবের সংসার। তারাও পারেনা বাবা মাকে দেখতে। চেয়ারম্যান মেম্বারদের কাছেও সরকারী ঘর পাবার জন্য আবেদন করেও কোন লাভ হয়নি। গ্রামের কিছু যুবক আমার ঘরটি আপাতত মেরামত করে দিচ্ছেন এতেই বেশ খুশি তিনি। তার পরও জিবনের শেষ সময় একটি ভাল ঘরে বসত করতে চান তিনি। সংগঠনটি ও স্থানীয় লোকজন বৃদ্ধ আব্দুল গনির জন্য একটি সরকারী ঘরের দাবী করেছেন।

স্থানীয় যুবক সোহেল জানান, আমি একটি পারিবারিক কাজে এসে বৃদ্ধ আব্দুল গনির মানবেতর জীবনযাপনের চিত্র দেখে খুবই কষ্ট লেগেছে। আমি একজন ’কিশোরের ডাক’র সদস্য হিসেবে বিষয়টি সকলকে জানালে সকলে তাৎক্ষণিকভাবে অর্থ যোগাড় করে ঘরটি মেরামত করে দিচ্ছি। তবে এটি স্থায়ী নয়, সরকারিভাবে সহায়তা প্রয়োজন। যুবক জাহাঙ্গীর আলম জানায়, আমরা অসহায় মানুষের পাশে দাঁড়িয়ে তাৎক্ষণিক একটা ব্যবস্থা করে দিচ্ছি। তবে প্রধানমন্ত্রীর আশ্রয়ন প্রকল্পের একটি ঘর পেলে তারা নিশ্চিন্ত হবে।

কাথুলী ইনিয়ন পরিষদের সদস্য আনারুল ইসলাম বলেন, আমাদের এখানে আশ্রয়ণ প্রকল্পের ঘর পেয়েছি মাত্র কয়েকটি। যা সকলকে দেয়া সম্ভব হয়নি। আব্দুল গনি বিষয়টি নিয়ে চেয়ারম্যান সাহেবের সাথে কথা বলবো। সামনে সুযোগ আসলে তাদের একটা ব্যবস্থা হবে।

ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান জানান, বৃদ্ধ আব্দুল গনির বিষয়টি আমি জানতে পেরেছি। তার জন্য একটি ঘরের ব্যবস্থা করার চেষ্টা করবো।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম বলেন, এমন মানবিক বিষয় । মানূষ যখন বৃদ্ধ হয়ে যায়,তখন তারা অসহায় হয়ে পড়ে। আমি অবশ্যই চেষ্টা করবো তাদের একটি ঘরের ব্যবস্থা করে দেয়ার জন্য। ঘরের জন্য একটি আবেদন প্রয়োজন। পবিরার থেকে আবেদন করলে আমার জন্য সুবিধা হবে।

মুজিবনগরে বড়দিন উপলক্ষে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

খ্রিস্টান সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় অনুষ্ঠান শুভ বড়দিন উপলক্ষে অসহায় শীতার্থদের মাঝে পারিবারিক ভাবে শীতবস্ত্র কম্বল বিতরণ করেছেন বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক ও তার পরিবার।

রবিবার বিকেলে সেলফ প্রজেক্ট বল্লভপুর এর আয়োজনে, এবং বাবুল মল্লিক ও তার পরিবারের সহযোগীতায়, সেলফ প্রজেক্ট বল্লভপুর অফিস প্রাঙ্গনে বল্লভপুর ডিনারির ডিন মৃত্যুঞ্জয় মন্ডল এর সভাপতিত্বে এবং ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক এর সঞ্চালনায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি এবং মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে এ সব কম্বল বিতরণ করেন।

এ সময় আরো উপস্হিত ছিলেন, সেলফ প্রজেক্ট বল্লভপুর এর পরিচালক

অশোক মল্লিক,বাগোয়ান ইউনিয়ন ৬ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মারিওসুসিত মন্ডল (গনা) সাধারণ সম্পাদক মাইকেল মন্ডল টুইস,বল্লভপুর চার্চ সেক্রেটারি মেরি সুখী মল্লিক,মহিলা নেত্রী তৃপ্তি মন্ডল ও কুমারী খান।

মেহেরপুর র্যাবের পৃথক অভিযানে এ্যালকোহল ও ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুর র্যাব ক্যাম্পের সদস্যরা পৃথক অভিযান চালিয়ে ২১০ বোতল এ্যালকোহল ও ৭২ পিস ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ীকে গ্রফতার করেছে।

গতকাল রবিবার দুপুরে র্যাব-১২ মেহেরপুর সিপিসির কমাণ্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার আবুল কালাম আজাদের নেতৃত্বে কুষ্টিয়ার মিরপুর থানাধীন আমলাবাজার সদর জামে মসজিদ মার্কেট এর নীচ তলায় অভিযান পরিচালনা করে ২১০বোতল নেশাজাতীয় মাদকদ্রব্য এ্যালকোহলসহ সাহাপুর গ্রামের ফজলুল হকের ছেলে নুরুল ইসলাম (৩৭) কে গ্রেফতার করে। পরে বিকালে একই জেলার দৌলতপুরের গোয়ালগ্রামে অভিযান চালিয়ে ৭২ পিস ইয়াবাসহ একই গ্রামের আফজান মালিথার ছেলে মিলন আলী
(৩৫) কে গ্রেফতার করে।

তাদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক মামলা করে থানায় সোপর্দ করা হয়েছে বলে জানান সিপিসি কমাণ্ডার।

তিনি আরো জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, এই মাদক ব্যবসায়ীদ্বয় দীর্ঘদিন যাবৎ আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিয়ে অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য বিভিন্ন মাদকসেবীর নিকট বিক্রয় করে আসছিল

মেহেরপুরে ‘দৈনিক আমাদের সুর্যোদয়’ নামের নতুন দৈনিকের আত্মপ্রকাশ

নতুন একটি সময়, নতুন একটি দিগন্ত তৈরী হতে চলেছে দৈনকি আমাদের সৃর্যোদয় পত্রিকার মাধ্যমে। যে প্রত্যয়, যে প্রেরণা, যে উদ্যোগ নিয়ে দৈনিক আমাদের সুর্যোদয় পত্রিকাটি প্রকাশ হতে যাচ্ছে তা পাঠকের কাছে অত্যান্ত জনপ্রিয়তা পাবে বলে আমি আশা রাখি, ভরসা রাখি। কারন এ পত্রিকার সাথে যারা জড়িত রয়েছেন তারা সমাজের পরিবর্তনের কথা চিন্তা করে। তারা পজেটিভ মানষিকতার চিন্তা করে। পত্রিকাটি হবে মানুষের কাছে একটি আস্থার পত্রিকা। মেহেরপুর জেলায় মানসম্মত একটি ভাল পত্রিকার অনেক অভাব রয়েছে। দৈনিক সুর্যোদয় পত্রিকাটি সেই অভাব পুরন করবে।

যে সংবাদ পড়ে সমাজ এগিয়ে যাবে দেশ এগিয়ে যাবে। আমরা যেমন সমস্যা লিখবো,তেমনী সমাধানও লিখবো। মানুষের আকাংখার উপর গুরুত্ব দিতে হবে। সেই ক্ষেত্রে হলুদ সাংবাদিকতা থেকে বেরিয়ে আসতে হবে। যতক্ষণ পর্যন্ত পত্রিকাটি মানুষের স্বপ্ন পুরুনে কাজ করবে ততক্ষণ পর্যন্ত আমি পত্রিকার প্রতি আশির্বাদ থাকবে,যদি তার ব্যতয় ঘটে তবে আমাদেরও দৃষ্টির ব্যত্যয় ঘটবে।

জেলার সকল অসংগতি তুলে ধরে মেহেরপুরকে আরো এগিয়ে নিতে সহায়তা করবে বলে মন্তব্য করেছেন গপপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন প্রতিমন্ত্রী মেহেরপুর -১ আসনের এমপি ফরহাদ হোসেন দোদুল। দৈনিক আমাদের সুর্যোদয় পত্রিকার লোগো উন্মোচন ও প্রকাশনার উদ্বোধন কালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

গতকাল রবিবার বিকেলে গাংনীর সুর্যোদয় স্কুল মাঠে আয়োজিত প্রত্রিকার লোগে উন্মোচন ও ড্যামি কপি প্রকাশ অনুষ্ঠানে এসময় প্রতিমন্ত্রী বলেন, একটি সংবাদ পরিবেশন করতে হলে অনেক যাচাই বাছাই করে করা উচিৎ। কারন একটি সংবাদ ছাপা হয়ে গেলে তা আর ফিরিয়ে নেয়া যায়না। আপনার লেখা একটি সংবাদ আগামী দিনের জন্য একটি দৃষ্টান্ত দলিল। তাই যা ইচ্ছে তা লিখে কাগজের পাতা ভর্তি করবেননা। ভাল সংবাদ লিখবেন যা পড়ে মানুষ উপকৃত হয়। এই পত্রিকা

গাংনীতে বৈধ কাগজপত্র না থাকায় ২১টি মোটরসাইকেল জব্দ

গাংনীর বামন্দীতে অভিযান চালিয়ে মোটরসাইকেলের বৈধকাগপত্র ও ড্রাইভিং লাইসেন্স না থাকায় ২১ টি গাড়ি জব্দ করেছে মেহেরপুর ট্রাফিক বিভাগ।

আজ রবিবার সকাল থেকে বিকেল পর্যন্ত বামন্দী পুলিশ ক্যাম্পের সড়কসহ বিভিন্ন স্থানে গাড়ি গুলো জব্দ করে বামন্দী পুলিশ ক্যাম্পে রাখা হয়েছে।

জেলা ট্রাফিক পুলিশের সার্জেন্ট মুকুল হোসেন জানান, সম্প্রতি মেহেরপুর জেলাজুড়ে মোটরসাইকেল দুর্ঘটনা বৃদ্ধি পেয়েছে। অনেকে নিহত ও আহত হওয়ার ঘটনা ঘটেছে। তারই ধারাবাহিকতায় রবিবার সকালে গাংনী উপজেলার বামন্দী পুলিশ ক্যাম্পের সামনে ট্রাফিক বিভাগ অভিযান পরিচালনা করে।

এসময় সড়কে চলাচলকৃত মোটরসাইকেল চালকদের থামিয়ে গাড়ির রেজিস্ট্রেশন ও ড্রাইভিং লাইসেন্স আছে কিনা পরিক্ষা করা হয়। এর মধ্যে ২১টি মোটরসাইকেলের বৈধ রেজিস্ট্রেশন ও ড্রাইভিং লাইসেন্স না থাকায় মামলা দেওয়া হয়েছে। মামলার টাকা পরিশোধ এবং অনটেস্ট মোটরসাইকেলের বৈধ কাগজপত্রের টাকা জমা দিয়ে গাড়ি গুলো বামন্দী পুলিশ ক্যাম্প থেকে নেওয়ার জন্য আটককৃত গাড়ির মালিকদের নির্দেশ দেওয়া হয়েছে।

দামুড়হুদার হাউলী ইউনিয়ন লোকমোর্চার দ্বি-মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন লোকমোর্চার দ্বি-মাসিক সমন্বয়

সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল ১১ টার দিকে হাউলী ইউনিয়ন পরিষদের সভাকক্ষে।

দ্বি-মাসিক সমন্বয় সভায় হাউলী ইউনিয়ন লোকমোর্চার সভাপতি ইউসুফ আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী আনিসুর রহমান।

হাউলী ইউনিয়ন লোকমোর্চার সাধারণ সম্পাদক মজিবার রহমানের সঞ্চালনায়, আরো উপস্থিত ছিলেন, সহ-সভাপতি আলাউদ্দিন,সহ-সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম মিল,সাংগঠনিক সম্পাদক জামিরুল ইসলাম,সহ-সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, প্রচার সম্পাদক রাসেল শাহ্।

নির্বাহী সদস্য শহিদুল ইসলাম,রিকাত আলী, লাইলী আক্তার বেবী, আফরোজা পারভীন, শারমিন সুলতানা, সাবিনা ইয়াসমিন, মামুন হোসেন, জয়নাল আবেদীন, সেলিম উদ্দিন, সমশের আলী, মুক্তার হোসেন, সোনিয়া খাতুন, আকবর আলি বিশ্বাস,আলেফ উদ্দিন, শারমিন আক্তার সহ হাউলী ইউনিয়ন লোকমোর্চার সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন,ওয়েভ ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার ফরহাদ হোসেন।

মেহেরপুরে গ্রামীন কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সুবিধাভোগীদের মাঝে চেক বিতরণ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন, সমবায় মন্ত্রণালয়ের মাধ্যমে ১৫০০টা পরিবারকে সহায়তা করা হচ্ছে। ১৫০০টা পরিবার মানে একটি পরিবারের সাথে ৪জন করে জড়িত হলেও ৬ হাজার লোক এখানে থেকে প্রত্যক্ষ সুবিধা পাবে। এই ৬ হাজার লোকের

সাথে মিনিমাম ১ লক্ষ লোকের সম্পর্ক থাকে কারণ আপনি এই টাকাটা এখানে ব্যয় করছেন ওখান থেকে লাভ করে আরেক জায়গায় ব্যয় করছে,ন টাকা ঘুরতে থাকে, কারণ একটা মানুষের কাপড় লাগে, ঔষধ লাগে, তেল লাগে, খাবার লাগে। এভাবে একটি বৃহৎ শ্রেণী এ থেকে উপকৃত হচ্ছে।

রবিবার সকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীন কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলা সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ প্রকল্পে সুবিধাভোগী সদস্যদের চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিসি সচিব পল্লী উন্নয়ন সমবায় বিভাগ মোঃ মশিউর রহমান, নিবন্ধক ও মহাপরিচালক সমবায় অধিদপ্তর ড. তরুণ কান্তি শিকদার, জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।